**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7.50 P.M** **Compiling : DSS/ SDG**
**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় কারচুপির অভিযোগে পাঁচ কর্মীর শাস্তির সুপারিশ কেন মানা হলো না তা' জানতে নির্বাচন কমিশন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে দিল্লিতে তলব করেছে। # আগামীকাল মুখ্য সচিব দিল্লি যেতে পারেন বলে জানা গিয়েছে।

২/ বিহারে SIR সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট তার পর্যবেক্ষণে জানিয়েছে, আধার কার্ড নাগরিকত্বের প্রমাণ হতে পারেনা।

৩/ নির্বাচন কমিশন, নির্বাচিত জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসতে না চাইছেন না বলে তৃণমূল কংগ্রেস যে অভিযোগ করেছে, বিজেপি তাকে 'পরাজিতের আর্তনাদ' বলে মন্তব্য করেছে।

৪/ সুপ্রিম কোর্টে রাজ্যের OBC সংক্রান্ত মামলা এবং DA মামলার শুনানি পিছিয়ে গেছে।

৫/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, রাজ্যে একের পর এক খুনের ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন।

৬/ নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে ইস্টবেঙ্গল ৩-০ গোলে রেলওয়ে FC-কে হারিয়ে দিয়েছে।

*************************************************************************

ভোটার তালিকায় কারচুপির অভিযোগে পাঁচ কর্মীর শাস্তির সুপারিশ কেন মানা হলো না তা' জানতে নির্বাচন কমিশন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে দিল্লিতে তলব করেছে। কমিশনের তরফে আজ এক নির্দেশ পাঠিয়ে জানানো হয়েছে, আগামীকাল বিকেল পাঁচটার মধ্যে মুখ্যসচিবকে প্রয়োজনীয় নথি-সহ সশরীরে হাজিরা দিতে হবে।

আগামীকাল সকালের বিমানে মুখ্য সচিব দিল্লি যেতে পারেন বলে জানা গিয়েছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

*******************

**সরকার ভোটার তালিকা সংশোধনের কাজে যুক্ত কর্মীদের সৎভাবে কাজ করার পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। নবান্নে আজ জেলা প্রশাসনের সঙ্গে বৈঠকে ওই কর্মীদের তিনি এই পরামর্শ দেন। ভোটার তালিকার কাজে যুক্ত পাঁচ সরকারি কর্মীর বিরুদ্ধে পদক্ষেপ নিয়ে রাজ্য সরকার ও নির্বাচন কমিশনের চাপানউতোর-এর প্রেক্ষিতে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।**

*******************

বিহারে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-SIR সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট-এর পর্যবেক্ষণ, আধার কার্ড নাগরিকত্বের প্রমাণ হতে পারেনা। আলাদা করে নাগরিকত্ব যাচাই করা প্রয়োজন বলে অভিমত শীর্ষ আদালতের দুই বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ-এর।

উল্লেখ্য, নির্বাচন কমিশন আধারকে নাগরিকত্বের প্রমাণ হিসেবে ধরার ক্ষেত্রে তাদের আপত্তির কথা জানিয়েছিল।

যদিও মামলাকারীদের পক্ষের আইনজীবীদের যুক্তি বিহারের বহু লোকেরই এই ধরনের নথিপত্র নেই। দুই বিচারপতির বেঞ্চ জানিয়েছে, খসড়া ভোটার তালিকা থেকে যাদের নাম বাদ গেছে, তাঁরা ফর্ম-সিক্স ভর্তি করে আবেদন জানাতে পারবে কমিশনের কাছে। তাদের আবেদন বিবেচনা করবে নির্বাচন কমিশন। ফলে পুরো প্রক্রিয়া সম্পন্ন হয়ে গেছে ভাবার কিছু নেই। বিচারপতি সূর্যকান্ত বলেন, নাগরিকত্ব প্রমাণের জন্য কোনো একটা নথি

অবশ্যই থাকতে হবে, যা কমিশন গ্রহণ করছে। আগামীকাল ফের এই মামলার শুনানি।

*******************

নির্বাচন কমিশন, নির্বাচিত জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসতে না চাওয়ায় তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রশ্ন তুলেছেন। ভুয়ো ভোটার কান্ডে গতকাল প্রায় ৩-শো বিরোধী সাংসদকে নির্বাচন কমিশনের দফতরে যাওয়ার সময় বাধা দেওয়া হয়। এই নিয়ে অভিষেক আজ সাংবাদিকদের বলেন, নির্বাচিত জন প্রতিনিধিরা গতকাল শান্তিপূর্ণভাবেই কমিশনের দফতরে যাচ্ছিলেন। বাংলার একজন মানুষের ভোটাধিকার অন্যায়ভাবে কেড়ে নেওয়া হলে এক লক্ষ মানুষ নির্বাচন কমিশন ঘেরাও করবে বলে তিনি দাবি করেন।

( বাইট- অভিষেক )

এদিকে বিজেপি, অভিষেক ব্যানার্জির এই বক্তব্যকে 'পরাজিতের আর্তনাদ' বলে দাবি করেছে। দলের রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, অভিষেক এধরনের কথা আগেও বলেছেন। তবে তৃণমূল কংগ্রেস জানে ভোটার তালিকায় কতজন বাংলাদেশী, কতজন রোহিঙ্গা ও কত মৃত ভোটারের নাম রাখা হয়েছে।

( বাইট- শমীক )

অন্যদিকে SIR-এর প্রতিবাদে ও বিজেপির বিরুদ্ধে ভোটে কারচুপির অভিযোগে কংগ্রেস ও যুব কংগ্রেস আজ কলকাতায় বিক্ষোভ দেখায়। প্রদেশ কংগ্রেস ওই ইস্যুতে রাজভবন অভিযান করে। একই ইস্যুতে, এবং বিজেপির বিরুদ্ধে ভোটে কারচুপির অভিযোগে প্রদেশ যুব কংগ্রেস নেতা সৌরভ প্রসাদের নেতৃত্বে প্রদেশ যুব কংগ্রেস আজ রাজ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তরের সামনে বিক্ষোভ দেখায়। একই ইস্যুতে আজ দিল্লিতেও বিক্ষোভ দেখায় যুব কংগ্রেস।

*******************

সুপ্রিম কোর্টে OBC সংরক্ষণ সংক্রান্ত মামলার শুনানি পিছিয়ে গেছে। প্রধান বিচারপতি বি আর গাভাই-এর বেঞ্চ এব্যাপারে রাজ্যে জরুরী ভিত্তিতে শুনানির আবেদন খারিজ করে দিয়ে জানিয়েছে, মূল মামলার সঙ্গেই আগামী ৯-ই সেপ্টেম্বর এই আবেদনের শুনানি গ্রহণ করা হবে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের বিচারপতি কৌশিক চন্দ গত বৃহস্পতিবার রাজ্য জয়েন্টএন্ট্রান্স পরীক্ষার মেধা তালিকা বাতিল করে নতুন মেধা তালিকা তৈরির নির্দেশ দেন। পুরনো বিধি মেনে-২০১০ সালের আগে ৬৬-টি ওবিসি সম্প্রদায়ের তালিকার ভিত্তিতে আগের মতোই ৭ শতাংশ সংরক্ষণ বরাদ্দ রেখে ১৫ দিনের মধ্যে ফল প্রকাশের নির্দেশ দেওয়া হয়েছিল। এর বিরুদ্ধে শীর্ষ আদালতে আবেদন করে রাজ্য। সেই আবেদনই পিছিয়ে যাওয়ায় আপাতত হাইকোর্টের নির্দেশই বহাল রইল।

এদিকে, রাজ্য সরকারি কর্মচারীদের ডি এ সংক্রান্ত মামলাও আজ পিছিয়ে গেছে। দুই বিচারপতি সঞ্জয় কারল ও প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চে আগামী ২৬ শে আগস্ট সকালে প্রথমেই এই মামলার শুনানি হবে। রাজ্যের আইনজীবি কপিল সিব্বাল ওই দিন তারবক্তব্য পেশ করবেন।

*******************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে একের পর এক খুনের ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন। আজ দুপুরে 'আমাদের পাড়া আমাদের সমাধান' প্রকল্প নিয়ে মুখ্যসচিবের ডাকা জেলাশাসকদের বৈঠকে হঠাৎই হাজির হন তিনি। প্রায় আধঘণ্টা বৈঠকে থেকে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, প্রকল্পের প্রচার এবং মানুষের সুবিধা নিশ্চিত করতে মুখ্যমন্ত্রী একাধিক নির্দেশ দিয়েছেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। গত কয়েক দিনে তিনটি খুনের প্রসঙ্গ টেনে মুখ্যমন্ত্রী স্পষ্ট বার্তা দেন—শুধুমাত্র থানার আইসি বা ওসিদের ওপর আইন-শৃঙ্খলার দায়িত্ব দিয়ে চলবে না, জেলা প্রশাসনের শীর্ষ কর্তাদেরও সরাসরি দায়িত্ব নিতে হবে। খুনের মতো গুরুতর অপরাধ ঠেকাতে পুলিশ প্রশাসনকে আরও সক্রিয় হতে হবে। আইসি-ওসিদের পাশাপাশি এসপি ও সিপিদেরও প্রত্যক্ষ তদারকি করতে হবে বলে নির্দেশ দেন তিনি।

যে সমস্ত পরিযায়ী শ্রমিক রাজ্যে ফিরছেন, তাঁদের সুবিধার দিকে তাকিয়ে মুখ্যমন্ত্রী জেলা প্রশাসনকে বিশেষ উদ্যোগ নেওয়ার নির্দেশ দিয়েছেন। শ্রমিকদের সন্তানদের স্কুলে ভর্তি করাতে সহায়তা, স্বাস্থ্য সাথী, কৃষক বন্ধু-সহ সব সরকারি প্রকল্পের সুবিধা দান এবং কর্মশ্রী প্রকল্পে তাঁদের অন্তর্ভুক্ত করার ব্যবস্থা নেওয়ার'ও নির্দেশ দিয়েছেন।

*******************

ভারতের মূল মন্ত্রই হল বৈচিত্রের মধ্যে সমন্বয়। আর এই বৈচিত্রের মধ্যে সমন্বয় রক্ষা করতে ভারতের জাতীয় পতাকা দেশের ঐক্যের প্রতীক হিসেবে দাঁড়িয়ে রয়েছে। স্বাধীনতা উত্তর পর্বে দেশের অখন্ডতার ক্ষেত্রে সমগ্র দেশবাসীর মূল চেতনাকে ধরে রেখেছে এই জাতীয় পতাকা। অর্থনৈতিক এবং রাজনৈতিক এই কঠিন সময়ে বিশ্বের কাছে ভারতের ঐক্য তুলে ধরতে কেন্দ্রীয় সরকার এমাসের দুই থেকে পনের তারিখ অর্থাৎ স্বাধীনতা দিবসের দিন পর্যন্ত "ঘরে ঘরে তেরঙ্গা" অভিযান শুরু করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অনেক আগেই এই কর্মসূচি উৎসাহের সঙ্গে পালন করতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং সেখাওয়াতও সাংস্কৃতিক বৈচিত্রের মধ্যে ঐক্যকে তুলে ধরতে ভারত এবং বিদেশে বসবাসকারী প্রত্যেক ভারতীয় নাগরিককে এই অভিযানে অংশগ্রহণের আহ্বান জানান।

দেশের বিভিন্ন প্রতিষ্ঠানও ঘরে ঘরে তেরাঙ্গা কর্মসূচিতে অংশ নিচ্ছে। এই অভিযান সফল করতে জাতীয় পতাকার তিন রঙের আলোকসজ্জায় সাজানো হয়েছে ভারত সরকারের তথ্য ও সংস্কৃতি মন্ত্রকের অধীন বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা। স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে নেওয়া হয়েছে আরও বিভিন্ন কর্মসূচি। জানালেন সংগ্রহশালার কারিগরি বিভাগের আধিকারিক তরুণ দাস।

( বাইট- তরুণ দাস )

নদীয়ায় বিজেপি সাংগঠনিক জেলার পক্ষে আজ তেরঙ্গা যাত্রার আয়োজন করা হয়।

*******************

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে ইস্টবেঙ্গল ৩-০ গোলে রেলওয়ে FC-কে হারিয়ে দিয়েছে।

সায়ন ব্যানার্জী দুটি, নসিব একটি গোল করেছেন।

ইস্টবেঙ্গল ৯ ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে উঠে এসেছে। দ্বিতীয় স্থানে আছে সুরুচি সংঘ।মোহনবাগান আছে পঞ্চম স্থানে।

*******************

আজ বিশ্ব হাতি দিবস। এই উপলক্ষে জঙ্গলমহলের জেলাগুলিতেও আজ নানা কর্মসূচী গ্রহণ করা হয়।

******************************************************************